অধ্যক্ষের কার্যালয়
# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ : ২০/০২/২০২৪ খ্রি.

**বিজ্ঞপ্তি নং- ২৮**

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স-৪র্থ বর্ষ নিয়মিত, অনিয়মিত ও আংশিক পত্রের পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **Online** এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপঃ

| বিষয় | সেশন ফি (যারা সেশন ফি পরিশোধ করেনি) | ফরমপূরণ ফি নিয়মিত/ অনিয়মিত | এক বা একাধিক কোর্সের পরীক্ষার্থী (অকৃতকার্য) | ফরম পূরণ ও ফি প্রদানের তারিখ |
|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ১৯৯৫/- | ৩৯০০/- | ০১ পত্র = ১০৫০/-<br>০২ পত্র = ১৩০০/-<br>০৩ পত্র = ১৫৫০/-<br>০৪ পত্র = ১৮০০/-<br>০৫ পত্র = ২০৫০/- | অনলাইনে ফরম পূরণের তারিখঃ ২০/০২/২০২৪ তারিখ হতে ০৩/০৩/২০২৪ তারিখ পর্যন্ত। |
| সমাজকর্ম | ১৯৯৫/- | ৪০০০/- | | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের তারিখঃ ২৫/০২/২০২৪ তারিখ হতে ০৭/০৩/২০২৪ তারিখ পর্যন্ত। |
| পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত | ২১১৫/- | ৪০৫০/- | | |
| ভূগোল ও পরিবেশ | ২১১৫/- | ৪১৫০/- | | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের পর পরীক্ষার আবেদন ফরম ও ফি প্রদানের রশিদ সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার তারিখঃ ২৫/০২/২০২৪ তারিখ হতে ০৭/০৩/২০২৪ তারিখ পর্যন্ত। |
| রসায়নবিজ্ঞান | ২১১৫/- | ৪৪৫০/- | | |

| | |
|---|---|
| ফরম পূরণের নিয়মাবলী : | ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.ems.nu.ac.bd** অথবা **www.nubd.info/formfillup** এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ২০/০২/২০২৪ তারিখ হতে ০৩/০৩/২০২৪ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ফি জমাদানের নিয়মাবলী : | নিয়মিত, অনিয়মিত সকল পত্রে ও আংশিক পত্রের পরীক্ষার্থীগণ বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month- February-24 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ২৫/০২/২০২৪ তারিখ হতে ০৭/০৩/২০২৪ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করতে হবে। **Payment** সম্পন্ন করার পর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে **Payment** কপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার মাধ্যমে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের **Student's** কপি ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে |
| সেশন ফি সংক্রান্ত বিজ্ঞপ্তি | ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যারা এখনো ৪র্থ বর্ষের সেশন ফি পরিশোধ করেনি, তারা ফরমপূরণের জন্য নির্ধারিত তারিখের মধ্যে অনলাইন ব্যাংকিং বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এর মাধ্যমে প্রথমে সেশন ফি পরিশোধ করতে হবে। সেশন ফি পরিশোধের পর ফরমপূরণের ফিসের টাকাও অনুরূপভাবে পরিশোধ করতে পারবে। অনিয়মিত শিক্ষার্থীরাও (যারা পূর্বে অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষা দেয়নি) অনুরূপভাবে ফরমপূরণের ফি পরিশোধের পূর্বে তাদের সেশন ফি পরিশোধ করতে হবে। |
| পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ | (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের যে সকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** হয়েছে তারা ২০২২ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| | (খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স- ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে **"F"** গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| | (গ) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০২১ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় **Promoted** হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| বিশেষ পরীক্ষার্থী | শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সের **"F"** গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় বিশেষ ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোনো প্রয়োজন হবে না। উক্ত পরীক্ষার্থীদের বিশেষ ফি ৫৫০০/- টাকা । উল্লেখ্য যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের ব্যার্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোনো অবস্থাতে পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। |

সিলেবাস : ২০২২ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

২০/০২/২০২৪
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

প্রফেসর অসিত বরণ দাশ
অধ্যক্ষ (৩৯২৮)
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইটঃ **www.chandpurcollege.edu.bd**
৫। অফিস নথি।